

১২০০০ পিস ইয়াবাসহ ১ জন গ্রেফতার

০৭/০৪/২০১৫ ইং তারিখ সময়ঃ ১৩.৩০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চলের খিলগাঁও ও উত্তরা সার্কেল এর যৌথ নেতৃত্বে গঠিত রেইডিং টিম আফতাবনগরের বাড়ী নং ১১, রোড নং -০৩, ব্লক-সি এর ৪র্থ তলার দক্ষিণ পাশের প্লাটে তল্লাশী করে ১২,০০০ পিস ইয়াবা উদ্ধার ও জব্দ করা হয় এবং উক্ত ইয়াবা সংরক্ষণের জন্য মোঃ রিয়াদউল্লাহ (৩৬) কে গ্রেফতার করা হয়। গোপন সংবাদের ভিত্তিতে রেইডিং টিম টেকনাফ হতে নিয়ে আসা ইয়াবা উদ্ধারের জন্য বর্ণিত স্থানে অভিযান পরিচালনা করে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ মোতাবেক খিলগাঁও সার্কেলের পরিদর্শক জনাব এসএম শামসুল কবির বাদী হয়ে বাড্ডা থানায় মামলা রুজুর প্রক্রিয়া চলছে। উদ্ধারকৃত ইয়াবার আনুমানিক মূল্য ৪৮,০০,০০০/- (আটচল্লিশ লক্ষ) টাকা মাত্র। আসামীকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদে জানা যায় ঢাকার বিভিন্ন এলাকায় খুচরা মাদক ব্যবসায়ীদের কাছে বর্ণিত মাদকদ্রব্য পাইকারী বিক্রি করত।